দৈনিক ইত্তেফাক

তারিখ ... 16 OCT 1991

পৃষ্ঠা ... (৩) ... কলাম ... ২

24

## ডেন্টাল কলেজে উত্তেজনা রোগীরা বিনা চিকিৎসায় ফিরিয়া যাইতেছে

( ইত্তেফাক রিপোর্ট )

ঢাকা ডেন্টাল কলেজ ও হাসপাতাল এবং ছাত্রাবাস এলাকায় উত্তেজনা বিরাজ করিতেছে। গত সোমবার ভোরে ছাত্রাবাসের ৪১০ নম্বর কক্ষটি একদল ছাত্র তছনছ করে। কলেজের পরিস্থিতি লইয়া গতকাল একাডেমিক কাউন্সিলের অনুষ্ঠিত বৈঠকে কোন সিদ্ধান্ত ছাড়াই শেষ হয়। কলেজ এলাকায় পুলিশ মোতায়েন করা হইয়াছে। গত শনিবার হইতে ক্লাস হইতেছে না। কলেজ

(৫ম পৃঃ দ্রঃ)

## ডেন্টাল কলেজে উত্তেজনা

( ৩য় পৃঃ পর )

কর্তৃপক্ষ গত রবিবার হইতে ১৭ই অক্টোবর পর্যন্ত সরকারী ছুটি ঘোষণা করিয়াছেন। বহিঃবিভাগ বন্ধ থাকায় আগত রোগীরা বিনা চিকিৎসায় ফিরিয়া যাইতেছে। গত বৃহস্পতিবার আন্তঃ মেডিক্যাল ও ডেন্টাল কলেজ বাসকেটবল টুর্ণামেন্টের টীম গঠন করাকে কেন্দ্র করিয়া অধ্যক্ষের অফিস কক্ষ ভাংচুর করা হয়। হামলার সময় একজন কর্মচারী প্রহৃত হয় বলিয়া কর্মচারীরা জানান। ছাত্ররা কর্মচারী প্রহারের ঘটনা অস্বীকার করিয়াছেন। পরবর্তীতে এই ঘটনা লইয়া কলেজ এলাকায় দুইটি ছাত্র সংগঠনের মধ্যে উত্তেজনা সৃষ্টি হয়। ফলে গত শনিবার হইতে কোন ক্লাস হয় নাই এবং বহিঃবিভাগে তালা ঝুলিতে দেখা যায়। কলেজ শিক্ষকদের উপস্থিতি কম। গত শনিবার বিকালে ডেন্টাল কলেজ সোবহানবাগ ছাত্রাবাসে গুলীবর্ষণ ও বোমাবাজির ঘটনা ঘটিয়াছে। একটি ছাত্র সংগঠন অভিযোগ করিয়াছে যে,একদল ছাত্র অস্ত্রের মুখে তাহাদেরকে ঘটনার দিন রাত্রে ছাত্রাবাস হইতে বাহির করিয়া দেয়।এ ব্যাপারে ডেন্টাল কলেজের অধ্যক্ষ ডাঃ আশরাফ হোসেন বলেন যে, গত রবিবার কয়েকজন ছাত্র ছাত্রাবাসে ফিরিয়া আসিয়াছে। তিনি জানান, গত শনিবার হইতে দুইদিন সামান্য ক্লাস হইয়াছে। ছাত্রাবাসে গুলীবর্ষণ সম্পর্কে তিনি বলেন, বহিরাগত একদল যুবক গুলীবর্ষণ ও বোমা ফাটাইয়া ছাত্রদের উপর হামলা করিতে গেলে পুলিশের হস্তক্ষেপের ফলে যুবকরা পালাইয়া যায়।